দৈনিক জনকণ্ঠ

13 APR 2016
১৫ ৭

## শিক্ষকের ওপর হামলা ॥ শিক্ষার্থীদের বিক্ষোভ

**নিজস্ব সংবাদদাতা, জামালপুর, ১২ এপ্রিল ॥** বকশীগঞ্জে কথিত অভিযোগ তুলে ক্লাসরুমে ঢুকে অতর্কিত হামলা চালিয়ে দুই শিক্ষককে লাঞ্ছিত করার অভিযোগ পাওয়া গেছে। মঙ্গলবার বেলা সাড়ে ১১টার দিকে উপজেলার বাট্রাজোড় নগর মাহমুদ উচ্চ বিদ্যালয়ে এই ঘটনা ঘটে। হামলার প্রতিবাদে বিক্ষোভ করেছে বিদ্যালয়ের শিক্ষার্থীরা। জানা গেছে, গত প্রায় সাত দিন আগে উপজেলার বাট্রাজোড় নগর মাহমুদ উচ্চ বিদ্যালয়ের ইংরেজী শিক্ষক ইয়াকুব আলী একই বিদ্যালয়ের দশম শ্রেণীর এক ছাত্রীকে কুরুচিপূর্ণ কথা বলেছেন বলে কথিত অভিযোগ তোলে কয়েক শিক্ষার্থী। এই ঘটনার জের ধরে মঙ্গলবার সকালে বাট্রাজোড় এলাকার আমিনুল, জানমিয়া ও রুবেল মিয়ার নেতৃত্বে ৫-৭ জনের একটি গ্রুপ বিদ্যালয়ের ক্লাসরুমে ঢুকে সহকারী শিক্ষক ইয়াকুব আলীর ওপর অতর্কিত হামলা চালায়। পরে হামলাকারীদের কবল হতে ইয়াকুব আলীকে উদ্ধার করতে গেলে বিদ্যালয়ের সহকারী শিক্ষিকা নাছরিন আক্তারকেও লাঞ্ছিত করে হামলাকারীরা। এতে দুই শিক্ষক গুরুতর আহত হয়। এই ঘটনায় দোষীদের শাস্তি দাবি করে তাৎক্ষণিক বিক্ষোভ করে শিক্ষার্থীরা।

## ধর্ষণের অভিযোগে শিক্ষককে শোকজ

**নিজস্ব সংবাদদাতা, নারায়ণগঞ্জ, ১২ এপ্রিল ॥** আড়াইহাজারে ছাত্রীকে ধর্ষণের অভিযোগে কালাপাহাড়িয়া ইউনিয়ন উচ্চ বিদ্যালয়ের শিক্ষক মজিবুর রহমানকে শোকজ করা হয়েছে। এ নিয়ে এলাকায় ছাত্রছাত্রী ও অভিভাবকদের মধ্যে উত্তেজনা বিরাজ করছে। জানা গেছে, উপজেলার কালাপাহাড়িয়া ইউনিয়ন উচ্চ বিদ্যালয়ের শিক্ষক মজিবুর রহমান একই বিদ্যালয়ের অষ্টম শ্রেণীর ছাত্রীকে তার কদমীরচরের বাসায় প্রাইভেট পড়াতেন। গত ২৭ মার্চ সকালে প্রাইভেট পড়ানো শেষ হলে অন্য ছাত্রীদের ছুটি দিয়ে ওই ছাত্রীটিকে পড়া দাগিয়ে দেয়ার কথা বলে বসিয়ে রাখেন। পরে ছাত্রীটিকে ঘরে একা পেয়ে ধর্ষণ করেন শিক্ষক মজিবুর রহমান।